কোটচাঁদপুরের ৩৫ ঘর বসতি চলা চলের পথ বন্ধের অভিযোগ

প্রতিবেশিদের শায়েস্তা করতে কাটা আর টিনের বেড়া দিয়ে দীর্ঘ দিনের চলার পথ বন্ধ করার অভিযোগ প্রতিপক্ষ আব্দুল মান্নানের বিরুদ্ধে। এতে করে বেকায়দায় পড়েছেন ওই পথে চলাচল করা ৩৫ ঘর বসতি। এ অবস্থা চলছে কোটচাঁদপুরের লক্ষিকুন্ড গ্রামে। বিষয়টি তদন্ত পূর্বক নিরোশনের দাবি জানিয়েছেন ভুক্তভোগীরা।

ভুক্তভোগী মকগুল হোসেন, আমির হোসেন, সাইফুল ইসলাম, ও শাহিনুর খাতুন বলেন, আমাদের জন্মের আগ থেকে এ পথটি রয়েছে। এখন পথে বেড়া দেওয়ায় বেকায়দায় পড়েছি আমরা। আওয়াল আর মান্নানের মধ্যে জমি নিয়ে সমস্যা। এখন ভুগতে হচ্ছে সবার।

তারা তাদের জায়গায় বেড়া দেয়ায় আমাদের ব্যবসা প্রতিষ্ঠান সহ আলমসাধু, ভ্যান সহ সব ধরনের যান চলাচল করতে পারছে না। এতে করে আমাদের চলাচলে যেমন বিঘ্ন সৃষ্টি হয়েছে, তেমনি জীবন -জীবিকাও থমকে গেছে। বিষয়টি দ্রুত নিরোশনের জন্য সংশ্লিষ্ট কর্তাব্যক্তিদের হস্তক্ষেপ কামনা করেছেন।

ভুক্তভোগীরা বলেন, এ ব্যাপারে চেয়ারম্যান ও ইউএনও সাহেবের কাছে অভিযোগ করবো।

বিষয়টি নিয়ে অভিযুক্ত আব্দুল মান্নান বলেন,এ জায়গা আমি ফেলে রেখে ছিলাম। মানুষ চলাচল করতো। কয়েক দিন হল আওয়াল হোসেন তাঁর জমি মেপে বেড়া দিয়েছেন। এ কারনে আমিও আমার জায়গায় বেড়া দিয়েছি।

সাবদারপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল মান্নান বলেন,তারা আমার কাছে কেউ কিছু বলেননি। এরপরও লোক মারফত জানতে পেরে ঘটনাস্থলে গিয়ে ছিলাম। যাতে করে ওই ঘটনা নিয়ে এলাকা বড় ধরনের কিছু না ঘটে। বিষয়টি হল,আওয়াল হোসেন তাঁর জমি মেপে বেড়া দেয়ায়,মান্নানও তাঁর জায়গা বেড়া দিয়েছেন। এখন তারা যদি আমার কাছে অভিযোগ করে,তাহলে দেখি মিমাংসা করার চেষ্টা করবো অবশ্যই।

ঝিনাইদহে তিন দফা দাবিতে শ্রমিক সমাবেশ অনুষ্ঠিত

সরকারি নির্দেশনা মোতাবেক শ্রমিকদের নিয়োগপত্র প্রদান এবং বেতন খোরাকী বৃদ্ধির দাবিতে ঝিনাইদহে শ্রমিক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকালে শহরের কেন্দ্রীয় বাসটার্মিনালে জেলা বাস মিনিবাস কোচ ও মাইক্রোবাস শ্রমিক ইউনিয়নের আয়োজনে জেলা বাস মিনিবাস কোচ ও মাইক্রোবাস শ্রমিক ইউনিয়নের সভাপতি ওলিয়ার রহমান খাঁনের সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন জেলা জাতীয় শ্রমিক লীগের সাধারণ সম্পাদক ও সাবেক কার্যকারী সভাপতি একরামুল হক লিকু,সাধারণ সম্পাদক আশরাফুর জামান খোকন,কার্যকারী সভাপতি আবু সাইদ, সহ-সভাপতি আমির ফয়সাল মোহাব্বত,যুগ্ম-সম্পাদক হানিফ খান,সহ-সাধারণ সম্পাদক মনিরুল ইসলাম, আফতাব হোসেন, সাংগঠনিক সম্পাদক খায়রুল ইসলাম, সহ-সাংগঠনিক সম্পাদক আব্দুর রাজ্জাক, দপ্তর সম্পাদক টুলু বিশ্বাস চুন্নু,প্রচার সম্পাদক ফিরোজ বিশ্বাস, ক্রীড়া বিষয়ক সম্পাদক লিটন মিয়া,শ্রম ও কল্যাণ সম্পাদক আনিচুর রহমান, কোষাধ্যক্ষ শহিদুল ইসলাম, সড়ক সম্পাদক জাহাঙ্গীর হোসেন, কার্য নির্বাহী সদস্য মশিয়ার রহমান, মফিজুর রহমান সুমন,দিলিপ হোড়,আব্দুল বারি প্রমূখ।উল্লেখ্য,শ্রমিকদের তিন দফা দাবি আগামী ৭২ ঘন্টার মধ্যে মানা না হলে বৃহত্তর কর্মসূচী দেবার ঘোষণা দেন শ্রমিক নেতারা।

কোটচাঁদপুর ১৮তম জুমাতুল হুজ্জাজ সম্মেলন অনুষ্ঠিত

ঝিনাইদহ কোটচাঁদপুরে শনিবার উপজেলার হাজি সমিতির ১৮তম বার্ষিকজুমাতুল হুজ্জাজ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

স্থানীয় পাইলট হাইস্কুল মাঠে এই সম্মেলনে উপজেলার হাজি সমিতির সভাপতি আলহাজ্ব মোঃ গোলাম রসুলের সভাপতিত্বে এবং সাধারণ

সম্পাদক আলহাজ্ব মোঃ আনিসুজ্জামান মান্নু সঞ্চালনায় শতাধিক হাজি অংশগ্রহণ করে।

এ সময় সম্মেলনে বক্তব্য রাখেন হাজি মোঃ শাহাজান আলী , হাজি মোঃ আমিরুল ইসলাম, ও হাজি মোঃ আমিন উদ্দিন খান সহ বিভিন্ন হাজি গণ ।

এসময় বক্তব্যে তারা বাইতুল্লা শরীফে তোয়াবকারী হাজি গণ কে পরম সৌভাগ্যবান উল্লেখ করে বাইতুল্লা শরীফে শপথের কথাটি স্মরন করেন। পরে হাজিদের সম্মানে মধ্যাহ্নভোজের আয়োজন সম্পূর্ণ করা হয়। সম্মেলনে হাজী সমিত পুরাতন কমেটি দায়িত্ব পালন করেন বলে সকল হাজিগণের মতামত গৃহীত হয়।

ঝিনাইদহে ১০ দফা দাবিতে বিএনপির পদযাত্রা

বেগম খালেদা জিয়াসহ সকল নেতাকর্মীদের মুক্তি, বিদ্যুৎ, গ্যাস ও নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্যের কমানোসহ ১০ দফা দাবিতে ঝিনাইদহে পদযাত্রা কর্মসূচি পালন করেছে বিএনপি।

কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে শনিবার (২৫ ফেব্রুয়ারি) দুপুরে জেলা বিএনপির আয়োজনে শহরের উজির আলী স্কুল মাঠ থেকে পদযাত্রা শুরু হয়। এতে জেলা ও ৬ উপজেলার নেতাকর্মীরা অংশ নেয়।

পদযাত্রাটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে বাস টার্মিনাল হয়ে আরাপপুর গিয়ে শেষ হয়। সেখানে অনুষ্ঠিত হয় সংক্ষিপ্ত সমাবেশ।

এতে কেন্দ্রীয় বিএনপি নেতা অ্যাড. আসাদুজ্জামান, বাবু জয়ন্ত কুমার কুন্ডু, জেলা বিএনপির সভাপতি অ্যাড. এম এ মজিদ, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনাসহ অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা বক্তব্য রাখেন।

সে সময় বক্তারা বেগম খালেদা জিয়াসহ সকল নেতাকর্মীদের মুক্তি ও বিএনপির ঘোষিত ১০ দফা বাস্তবায়নের দাবি জানান।

শৈলকুপায় ট্রাকের চাকায় পিষ্ট হয়ে প্রাণ গেল কৃষকের

ঝিনাইদহের শৈলকুপায় ট্রাকের চাকায় পিষ্ট হয়ে গোলাম নবী (৫৫) নামের এক কৃষক নিহত হয়েছেন। বুধবার (২২ ফেব্রুয়ারি) দুপুরে উপজেলার ভাটই বাজারে এঘটনা ঘটে।

নিহত গোলাম নবী ফুলহরি ইউনিয়নের চাঁদপুর গ্রামের মৃত কিয়াম মন্ডলের ছেলে।

স্থানীয়রা জানান, দুপুর আড়াইটার দিকে ভাটই বাজার থেকে বাইসাইকেল যোগে বাড়ি ফিরছিলেন নিহত গোলাম নবী। সেসময় কুষ্টিয়াগামী একটি ট্রাক তাকে পিছন থেকে ধাক্কা দেয়। এতে চাকার নিচে মাথা পড়ে পিষ্ট হয়ে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আমিনুল ইসলাম জানান, ঘাতক ট্রাকসহ ড্রাইভার ও হেলপারকে আটক করা হয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।

কোটচাঁদপুরে গাছ কাটা শ্রমিকের মৃত্যু

গাছ থেকে পড়ে গিয়ে রফিকুল ইসলাম (৫০) নামের এক গাছ কাটা শ্রমিকের মৃত্যু হয়েছে। আজ বুধবার কোটচাঁদপুরের চাঁদপাড়া মাঠে ঘটনাটি ঘটেছে । সে কোটচাঁদপুরের এলাঙ্গী গ্রামের মৃত রুস্তম দফাদারের ছেলে।

মৃতের চাচাত ভাই রকিব উদ্দিন জানান, রফিকুল ইসলাম গাছ কাটার কাজ করেন। বুধবার সকালে বাড়ি থেকে বের হয়ে চাঁদপাড়ার মাঠে গাছ কাটতে

যায়। এরপর সে গাছে উঠে ডাল কাটছিল। এ সময় রফিকুল ইসলাম গাছের ডাল ভেঙ্গে নিচে পড়ে যায়। এতে করে সে গুরুতর আহত হয়। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। এ সময় স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক প্রাথমিক চিকিৎসা দিয়ে তাকে যশোর হাসপাতালে রেফার্ড করেন।

এরপর তাঁর স্বজনরা তাকে যশোর হাসপাতালে নেওয়ার পথে রফিকুল ইসলাম মারা যায়। সে পেশায় ছিলেন গাছ কাটার শ্রমিক।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক (এসআই) ইদ্রিস আলী বলেন, ঘটনাটি তো গ্রাম এলাকার। কেউ আমাদের এ বিষয়টি জানাননি।

হরিণাকুণ্ডুতে মোটরসাইকেল না পেয়ে অভিমান করে স্কুল ছাত্রের আত্ম*হত্যা

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে মোটরসাইকেল না পেয়ে বিষপানে কাজল (১৭) নামে এক স্কুল ছাত্র আত্মহত্যা করেছে। গতকাল শুক্রবার দুপুরে উপজেলার কালাপাহাড়িয়া গ্রামে এ ঘটনা ঘটে।

কাজল ওই গ্রামের মওলা মন্ডলের ছেলে। স্থানীয়রা জানায়, কাজল কয়েকদিন ধরে মোটরসাইকেল কেনার জন্য বাবার কাছে বায়না করছিল। অর্থাভাবে বাবার পক্ষে তা কিনে দেওয়া সম্ভব না হওয়ায় অভিমান করে কাজল। দুপুরে সবাই জুম্মার নামাজ পড়তে গেলে সে নিজ ঘরে বিষপান করে। পরিবারের সদস্যরা টের পেয়ে তাকে উদ্ধার করে হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে।

এবিষয়ে হরিণাকুণ্ডু থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম আত্মহত্যার বিষয়টি নিশ্চিত করে জানান, মরদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে। প্রকৃত ঘটনা জানার চেষ্টা চলছে।

কোটচাঁদপুরে ২০ জন পঙ্গুর মধ্যে চেয়ারম্যানের হুইল চেয়ার বিতরন

২০ জন দুঃস্থ্য,অসহায় ও পঙ্গুদের মধ্যে হুইল চেয়ার বিতরন করলেন কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা নেসা মিকি।

আজ বৃহস্পতিবার দুপুরে উপজেলা পরিষদ থেকে এ চেয়ার দেয়া হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন,কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দুঃস্থ্য,অসহায় ও পঙ্গুদের মধ্যে হুইল চেয়ার বিতরন করেন,উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা নেসা মিকি। তিনি বলেন, প্রতি বছরের ন্যায় এ বছরও বার্ষিক উন্নয়ন প্রকল্পের(এডিপি) অর্থায়নে পরিষদের পক্ষ থেকে দুঃস্থ্য,অসহায় ও পঙ্গুদের জন্য বরাদ্ধ ছিল। যা থেকে ২০ জনের মধ্যে হুইল চেয়ার কিনে তা বিতরন করা হয়।

যার মধ্যে রয়েছে, রুমা খাতুন,খুকি বেগম,লবাই মন্ডল, আব্দুর রশিদ, মনোয়ারা বেগম,নাইম ইসলাম, আরাফাত হোসেন, নাফিস হোসেন,শুকুর আলী, নাহার বেগম,মোমেনা খাতুন,সাইদুর রহমান,মতলেব মিয়া। এ ছাড়া সাব-রেজিষ্ট্রি অফিসে পঙ্গু মানুষ জমি রেজিষ্ট্রি করতে এসে বিপদে পড়েন। এই বিবেচনায় স্থানীয় সাব-রেজিষ্ট্রিকে একটা চেয়ার দেয়া হয়।

এ সময় আরো উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান পিংকি খাতুন,উপজেলা প্রকৌশলী মিজানুর রহমান, সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্চয় কুমার।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]